**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 22-10-2025**

**Time : 1-40 PM**

*************************************************************************

উলুবেড়িয়ায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায় গভর্নমেন্ট মেডিকেল কলেজ ও হাসপাতালে এক মহিলা জুনিয়র চিকিত্সককে নিগ্রহের ঘটনায় পুলিশ আজ শেখ সম্রাট নামে আরও এক অভিযুক্তকে গ্রেফতার করেছে। ধৃতকে আজ উলুবেড়িয়া আদালতে তোলা হবে। এই নিয়ে গত ২০শে অক্টোবরের ওই ঘটনায় তিনজনকে গ্রেফতার করা হল। এদিকে ওই ঘটনার প্রতিবাদে দোষীদের শাস্তির দাবিতে বিক্ষোভ আন্দোলন অব্যাহত। আজ দুপুরে বিরোধী দল বিজেপি পুলিশ সুপারের দফতরে অভিযানের ডাক দিয়েছে। হাওড়া গ্রামীণ জেলা বিজেপির ডাকা ওই কর্মসূচিতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর উপস্থিত থাকার কথা।

*************************************************************************

দক্ষিণ ২৪ পরগণার মহেশতলা পুরসভার ১৩ নম্বর ওয়ার্ডের গোপালপুর মালিপাড়ায় প্রতিবেশী যুবককে পিটিয়ে খুনের ঘটনায় পুলিশ দুই ভাইকে গ্রেফতার করে খুনের মামলা রুজু করেছে। জানা গেছে, গত রাতে নেশাগ্রস্ত অবস্থায় বছর ৩৫ এর বরুণ মণ্ডল ও প্রতিবেশী চিরঞ্জিত মিত্রের মধ্যে বচসা শুরু হয়। পরে চিরঞ্জিত তার ভাই শুভঙ্কর মিত্রকে ডেকে নিয়ে আসে এবং দুই ভাই মিলে বরুণকে বেধড়ক মারধর করে। গুরুতর আহত অবস্থায় বরুণ ঘটনাস্থলেই লুটিয়ে পড়েন। স্থানীয়রা খবর দিলে পুলিশ এসে বরুণকে উদ্ধার করে বেহালার বিদ্যাসাগর হাসপাতালে নিয়ে যায়, যেখানে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। বরুণের মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই এলাকায় উত্তেজনা ছড়ায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ও RAF মোতায়েন করা হয়। ঘটনায় অভিযুক্ত দুই ভাই চিরঞ্জিত ও শুভঙ্কর মিত্রকে আটক ও পরে গ্রেপ্তার করে পুলিশ। কী কারণে এই মারামারির সূত্রপাত, তা জানতে তদন্ত শুরু হয়েছে। এলাকায় নেমে এসেছে গভীর শোক।

*************************************************************************

রাজ্য সরকারের নিজস্ব ব্র্যান্ড বিশ্ব বাংলা মার্কেটিং কর্পোরেশন তরুণ প্রজন্মের ক্রেতাদের সঙ্গে সংযোগ গড়ে তুলতে ডিজিটাল বিপণনের উপর জোর দিচ্ছে। ব্র্যান্ডের প্রচারের উদ্দ্যেশ্যে ৩০ সেকেন্ডের সংক্ষিপ্ত ভিডিও ক্লিপ তৈরি করে বিশেষ প্রচার অভিযান শুরু হবে। প্রায় ২৫ হাজার কারিগর ও তাঁদের পণ্যকে তুলে

ধরা হবে। এই ভিডিওগুলিতে ডোকরা শিল্প, চামড়ার পণ্য, মধু, চা, তাঁতের শাড়ি, কাঠের কাজ ও অন্যান্য ঐতিহ্যবাহী সামগ্রীকে আধুনিক দৃষ্টিভঙ্গিতে উপস্থাপন করা হবে। ইনস্টাগ্রাম, ফেসবুক, ইউটিউব ও হোয়াটসঅ্যাপের মতো জনপ্রিয় প্ল্যাটফর্মে এই প্রচার চালানো হবে বলে নিগমের তরফে জানানো হয়েছে।

*********************************************************************

শারীরিক বা মানসিক দিক থেকে বিশেষ ভাবে সক্ষম পড়ুয়াদের শিক্ষার সুযোগ আরও বাড়াতে রাজ্যের গণশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা দফতর চলতি শিক্ষাবর্ষের জন্য সহানুভূতি বৃত্তির আবেদন আহ্বান করেছে। নবম শ্রেণি ও তার উপরে পাঠরত বিশেষভাবে সক্ষম ছাত্রছাত্রীরা এই প্রকল্পের আওতায় আবেদন করতে পারবে। এই শিক্ষার্থীদের সাধারণ শিক্ষা, কারিগরি শিক্ষা বা পেশাগত শিক্ষায় আর্থিক সহায়তা প্রদান এই বৃত্তির মূল লক্ষ্য। ৪০ শতাংশ বা তার বেশি দৃষ্টিহীনতা, শ্রবণ প্রতিবন্ধকতা, শারীরিক বা মানসিক প্রতিবন্ধকতা থাকা পড়ুয়ারা এর জন্য নির্ধারিত আবেদনপত্রে সংশ্লিষ্ট জেলার গণশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের দফতরে ২৮শে নভেম্বরের মধ্যে জমা দিতে পারবেন।

*********************************************************************

রাজ্যের প্রাচীনতম পাট শিল্প কেন্দ্রগুলির অন্যতম বজবজের নিউ সেন্ট্রাল জুট মিলের পুনরুজ্জীবনের লক্ষ্যে রাজ্য সরকার পরামর্শদাতা নিয়োগ করছে। রাজ্যের সরকারি উদ্যোগ ও শিল্প পুনর্গঠন দপ্তর ইতিমধ্যেই এই পরামর্শদাতা বা ট্রান্সঅ্যাকশন অ্যাডভাইজর নিয়োগের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে। সংশ্লিষ্ট ব্যক্তি মিল পুনরুজ্জীবনের রূপরেখা তৈরি ও বাস্তবায়নের দায়িত্বে থাকবেন। সরকারি সূত্রে জানা গিয়েছে, ট্রান্সঅ্যাকশন অ্যাডভাইজর মিলটির কার্যক্রমের পূর্ণ ইতিহাস বিশ্লেষণ করবেন, পাট শিল্প ও তার সহযোগী ক্ষেত্রের বাজার অবস্থা পর্যালোচনা করবেন, ঋণদাতা ও অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তি ও সংস্থার সঙ্গে পরামর্শ করে বিস্তারিত পুনরুজ্জীবন পরিকল্পনা তৈরি করবেন, যা পরবর্তীতে মন্ত্রিসভা অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। সেই রিপোর্টের ভিত্তিতে পুনরুজ্জীবন কার্যকর করতে উপযুক্ত অপারেটর বা অর্থনৈতিক অংশীদার নির্বাচন করা হবে।

*********************************************************************

শিয়ালদা-ক্যানিং শাখায় সকাল ৯:১০-এর শিয়ালদা ডাউন ক্যানিং লোকালের মহিলা কম্পার্টমেন্টে ধোঁয়া দেখতে পেয়ে ড্রাইভার ও গার্ডকে খবর দেওয়া হয়। এরপর ট্রেনটি পরের স্টেশনে দাঁড় করিয়ে যাত্রীদের নিরাপদে নামিয়ে আনা হয়। শর্ট সার্কিট থেকেই ধোঁয়া বেরোতে পারে বলে প্রাথমিকভাবে অনুমান করা

হচ্ছে। এই ঘটনার জেরে কিছু সময়ের জন্য ডাউন লাইনে ট্রেন চলাচল বন্ধ থাকে, ফলে অন্যান্য ট্রেনও বিলম্বিত হয়।

************************************************************************

মুর্শিদাবাদে গত দুদিনে বিভিন্ন থানা এলাকাই জুয়ার আসরে অভিযান চালিয়ে ১১৫ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। উদ্ধার হয়েছে প্রায় দু লক্ষ টাকা। শুধুমাত্র বহরমপুর ছোট বসন্ততলা, কোর্ট বাজার ও নতুন বাজারের অভিযান থেকে উদ্ধার হয় ১ লক্ষের বেশি টাকা। অন্যদিকে সব থেকে বেশি সংখ্যক গ্রেপ্তার হয়েছে ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের সাগরপাড়ায়। সেখানে এক রাতে মোট ৫২ জন গ্রেপ্তার হয়েছে।

************************************************************************

হাওড়া ব্যাঁটারা থানার অন্তর্গত নরসিংহ দত্ত রোড এলাকায় বাজির আগুনে একটি বাড়ি পুড়ে ছাই হয়ে গিয়েছে। টালির চালের ওই বাড়িতে জ্বলন্ত ফানুস উড়ে গিয়ে পড়ার কিছুক্ষণের মধ্যেই ঘরে আগুন ছড়িয়ে পড়ে। দমকলের একটি ইঞ্জিন আগুন নিয়ন্ত্রণে আনলেও ঘরটি সম্পন্ন ভস্মীভূত হয়েছে, হতাহতের কোন খবর নেই।

************************************************************************

আগামীকাল ভ্রাতৃদ্বিতীয়া। ভাইদের মঙ্গলকামনায় এবং সুস্বাস্হ্য ও সমৃদ্ধির লক্ষে বোনেরা ভাই-এর কপালে ফোঁটা দেবেন। এর আগে আজ প্রতিপদ তিথিতেও কোথাও কোথাও ফোঁটা দেওয়ার রীতি রয়েছে। সন্ধ্যায় আয়োজন করা হবে ভাইফোঁটার

এদিকে, বাজারে শাকসব্জি বা মাছ–মাংসের দাম চড়া হলেও সাধ্যমতো জোগাড় করছেন বোনেরা। বিভিন্ন মিষ্টির দোকানে সকাল থেকেই ভীড়। মিষ্টি প্রস্তুত কারকরাও ভাইফোঁটা উপলক্ষে অনবদ্য ও সুস্বাদু এবং ভিন্ন ধরনের মিষ্টি প্রস্তুত করেছেন। ফোঁটার পাশাপাশি চলবে উপহার বিনিময়ের পালা।

************************************************************************

কালীপুজোর পর, ভাইফোঁটাতেও রৌদ্রজ্জ্বল আবহাওয়া পেতে চলেছে রাজ্যবাসী। আগামী তিনদিন রাজ্যের প্রায় সব জেলাই শুষ্ক থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তবে সপ্তাহান্তে থাকছে বৃষ্টির পূর্বাভাস। বাতাসে জলীয় বাষ্প প্রবেশ করার ফলে উপকূলীয় জেলাগুলিতে বিশেষ করে দুই ২৪ পরগণা এবং দুই মেদিনীপুর জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। উত্তরবঙ্গেও বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

***********************************************************************